

১৫০ ভরি স্বর্ণ ও ১০০ গ্রাম হেরোইন সহ ০২ জন গ্রেফতার



১১/১২/২০১৭ ইং তারিখ গোপন সংবাদের ভিত্তিতে জনাব মোহাম্মদ লুৎফর রহমান, উপ-পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী এর নেতৃত্বে পরিদর্শক খন্দকার নাজিম উদ্দীন “ক” সার্কেলের অন্যান্য ষ্টাফসহ একটি অভিযানকারী দল রাজশাহী জেলার গোদাগাড়ী মডেল থানাধীন বিজয়নগর মোরস্থ জনৈক রিমন এর মুদি দোকানের সামনে চাঁপাই টু রাজশাহী মহাসড়কের উপর উত্তর পার্শ্বে অবস্থানকালে সেই

সময় চাঁপাইনবাবগঞ্জ হতে পঞ্চগড়গামী বিআরটিসি যাত্রীবাহী বাস যাহার রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-ব-১১-২২০৮ গোপন সংবাদের ভিত্তিতে বাসটি তল্লাশিকালে বাসের ভিতরে ডানপার্শ্বে চালকের পিছনে ৫নং সিটে বসা আসামী মোছাঃ নাসিমা বেগম (৩৫), স্বামী মোঃ ইউসুফ আলী, সাং-আরামবাগ (ফকিরপাড়া), থানা ও জেলা-চাঁপাইনবাবগঞ্জ কে বিধি মোতাবেক তল্লাশী করে আসামীর ডানহাতে থাকা একটি বিস্কুট কালারের ভ্যানেটি ব্যাগে একটি পলিথিনের প্যাকেটে ১০০ (একশত) গ্রাম পরিমাণ হেরোইন উদ্ধার করে হাতেনাতে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয়।

অপর অভিযানে মোঃ লিটন (৩০) পিতা মোঃ ইনসান আলী, সাং-জানপুর, থানা ও জেলা-সিরাজগঞ্জ, সময় ১০-০০ হতে ১০.৩০ ঘটিকা, স্থান-সুলতানগঞ্জ ইউ, ডি, পি এস অফিসের সামনে রাজশাহী হইতে চাঁপাইনবাবগঞ্জগামী তনুয় যাত্রীবাহী বাস ঢাকা মেট্রো-ব-১৪-১৭৬৯ এর ভিতর তল্লাশীকালে ১০ ভরি ওজনের ১৫(পনের)টি স্বর্ণের বার কোমরে একটি লাল রংয়ের কাপড়ে বাধা অবস্থায় তাকে হাতেনাতে গ্রেফতার করে তার বিরুদ্ধে চোরাচালান আইনে মামলা দায়ের করা হয়।